# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: মার্চ/২০২৬**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | ০৮ | ০৮ | ০৯ | ১৭ | ০৮ | পরিশিষ্ট-ক | ০৯ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | - | - | - | ০২ | ০২ | - | - | ০২ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | ০২ | ০২ | - | ০২ | - | - | ০২ | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | ০২ | ০২ | - | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | - |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) | ০১ | ০২ | ০৩ | - | ০৩ | ০১ | পরিশিষ্ট-ক | ০২ | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | - |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| **মোট** | **০১** | **১৪** | **১৫** | **১১** | **২৬** | **১০** | - | **১৬** | |

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** ১৯৭৯ সালের চাকুরিবিধির ১৩(১), ১৪(১) ও ১৪(২) ধারা লংঘন করে আমাকে সাময়িক বরখাস্ত করায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অমান্য করায় প্রধান শিক্ষক মোহাম্মদ কাইচার লিটন এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ আমাকে স্বপদে পুনর্বহালকরণ প্রসঙ্গে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(খ)** বিসিক এর প্রধান প্রকৌশলীর অপকর্মের বর্ণনা সংক্রান্ত বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। অভিযোগটি তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** বিদেশগামী শিক্ষার্থীদের একাডেমিক এভিশনাল সার্টিফিকেট সত্যায়নের বিলম্ব সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব সাগর সাহা (০১৭৯০০৬৯৭৬০) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটিতে বিস্তারিত তথ্য না থাকায় নথিজাতের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** কর্মসংস্থান বা চাকুরির জন্য বিশেষ আবেদন বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। চাকুরির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করে প্রাপ্ত অভিযোগটি নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**(ঙ)** চাঁপাইনবাবগঞ্জ জেলার ভৌগলিক সুবিধা ও সম্ভাব্য শিল্প বিপ্লব বাস্তবায়নে সরকারের ত্বরান্বিত পদক্ষেপ গ্রহণের দাবী সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মোঃ হিমেল আলী (০১৭৫৭৯৮৬৪১৮) নামক ব্যক্তির নিকট হতে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। অভিযোগটি বিবেচনার জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে এবং একই বিষয়ে প্রাপ্ত অন্য ২টি অভিযোগ নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**(চ)** ঈদ উল ফিতর উপলক্ষে ছুটি সংক্রান্ত বিষয়ে অভিযোগ বাতিলের জন্য অনলাইনে জনাব নিলয় সাহা (০১৭৮৯০৩৪২৯৭) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটিতে বিস্তারিত তথ্য না থাকায় নথিজাতের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(ছ)** চাকুরি ছাড়ার ২২ মাস অতিবাহিত হলেও সিপিএফ এর টাকা না পাওয়া সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মোঃ নাজমুল আলম নামক ব্যক্তির নিকট হতে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। অভিযোগটি মতামতের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(জ)** মোঃ মোছাদ্দেক হোসেন সুজন, পিতা- আবুল মাজন সরকার, মাত- সেফালী খাতুন, সাং-ডাঙ্গাপাড়া রহিমাপুর, ডাকঘর-নবীগঞ্জ-৬২৬০, থানা-নবীনগঞ্জ, জেলা-দিনাজপুর (পদবী-সম্প্রসারণ কর্মকর্তা, এলাকা-গাইবান্ধা বিসিক, জেলা কার্যালয়, গাইবান্ধা সদর, মোবাইল নং-০১৫২১৬৮১৬০) এর একাধিক ফৌজদারী মামলার আসামী হওয়ায় মামলা চলাকালীন বরখাস্তের প্রার্থনা সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব জি, আর, এম, মিনহাজুর রহমান (স্বপন) (০১৭৮৯০৩৪২৯৭) নামক ব্যক্তির নিকট হতে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। অভিযোগটি মতামতের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

২। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) জিআরএস অনলাইনে জনাব মোঃ হিমেল আলী, চাঁপাইনবাবগঞ্জ ২৭.০২.২০২৬ খ্রিঃ তারিখে চাঁপাইনবাবগঞ্জ জেলায় শিল্পায়ন ত্বরান্বিতকরণের জন্য সরকারের পদক্ষেপ গ্রহণে অবহেলার বিষয়ে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগটির বিষয়ে মতামত গ্রহণের জন্য মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও গবেষণা বিভাগ, বিসিক, ঢাকার নিকট প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও গবেষণা বিভাগ চাঁপাইনবাবগঞ্জ জেলায় শিল্পায়ন ত্বরান্বিতকরণের জন্য একটি শিল্পনগরী স্থাপনের বিষয়টি বিসিকের সক্রিয় বিবেচনায় রয়েছে মর্মে মতামত প্রদান করেন। তাঁর মতামতের ভিত্তিতে অভিযোগটি গত ৩১.০৩.২০২৬ খ্রি. তারিখে নিষ্পত্তি করা হয়।

৩। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) এটিএন বাংলার রিপোর্টার জনাব শেখ তরিকুল ইসলাম কাশ্মিরি বিউটি বাই জিনিয়া, ভবানীপুর, মোহাম্মদপুর, মাগুরা নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিম্নমানের টয়লেট সোপ পণ্য বিক্রয়-বিতরণের অভিযোগ করেন। এ প্রেক্ষিতে বাজার সার্ভিল্যান্সের মাধ্যমে অভিযুক্ত প্রতিষ্ঠানের টয়লেট সোপ পণ্য সংগ্রহ করে বিএসটিআই ল্যাবে পরীক্ষান্তে নিম্নমানের পাওয়া যায়। প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিএসটিআই আঞ্চলিক অফিস, যশোরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হয়েছে।



৭